**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**
১০ বঙ্গবন্ধু রোড, নগর ভবন
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ ২০২৪' এর ধারা ২৫ (ক) (২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির ৫ম সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব এ, এইচ, এম কামরুজ্জামান
প্রশাসক
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

সভার তারিখ : ১৭/০২/২০২৫ খ্রিঃ

সময় : বিকাল ০৩.০০ টা

সভার স্থান : সম্মেলন কক্ষ, নগর ভবন কার্যালয়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**উপস্থিত সম্মানিত উপস্থিতিগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) সংযুক্ত (পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)।**

সভাপতি সম্মানীত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি প্রধান নির্বাহী কর্মকর্তাকে আহবান করেন।

প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ জাকির হোসেন সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপন শুরু করেন।

**আলোচ্যসূচি ১:** বিগত সভার কার্যবিবরণী পাঠ**,** অনুমোদন ও অগ্রগতি সম্পর্কে আলোচনা।

**আলোচনা**: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম গত ২০/০১/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এ কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। অতঃপর উক্ত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।
**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট শাখা/ বিভাগ (সকল), কর্মকর্তা/ কর্মচারী (সকল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ২:** রাজস্ব আদায়ের অগ্রগতি সম্পর্কে আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ) জনাব মোঃ হেমায়েত হোসেন রাজস্ব আদায়ের হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

**(ক) রাজস্ব আদায়: অর্থবছর ২০২৪-২০২৫ (জানুয়ারি ২০২৫)** (লক্ষ টাকায়)

| অঞ্চল | আদায়ের খাত | বকেয়াসহ ২০২৪-২০২৫ অর্থবছরের দাবি | জানুয়ারি/২৫ মাসে আদায় | জুলাই/২৪-জানুয়ারি/২৫ মোট আদায় | দাবির প্রেক্ষিতে আদায়ের হার | অবশিষ্ট আদায়যোগ্য (বকেয়াসহ) |
|---|---|---|---|---|---|---|
| নারায়ণগঞ্জ | পৌরকর | ৩০০১.১৫ | ৪৬.২১ | ৭৬৮.৭১ | ২৫.৬১% | ২২৩২.৪৪ |
| | ট্রেড লাইসেন্স | ৪২০.০০ | ১০.৬৮ | ৩৮৩.৬২ | ৯১.৩৪% | ৩৬.৩৮ |
| | দোকান ভাড়া | ২৮৪.১৩ | ৩২.৩৯ | ১৭৩.০৮ | ৬০.৯২% | ১১১.০৫ |
| উপমোট | | ৩৭০৫.২৮ | ৮৯.২৮ | ১৩২৫.৪১ | ৩৫.৭৭% | ২৩৭৯.৮৭ |
| সিদ্ধিরগঞ্জ | পৌরকর | ৪৯৫৭.৩৩ | ১২৯.৮৩ | ১৬৯৫.৭৮ | ৩৪.২১% | ৩২৬১.৫৫ |
| | ট্রেড লাইসেন্স | ৩২০.০০ | ১৪.০৬ | ১৯৮.১ | ৬১.৯১% | ১২১.৯ |
| | দোকান ভাড়া | ০.৭৩ | ০.০৪ | ০.৬৭ | ৯১.৭৮% | ০.০৬ |
| উপমোট | | ৫২৭৮.০৬ | ১৪৩.৯৩ | ১৮৯৪.৫৫ | ৩৫.৮৯% | ৩৩৮৩.৫১ |
| কদমরসুল | পৌরকর | ২০২৩.৮৩ | ২৪.৮ | ৭৪৯.৩৯ | ৩৭.০৩% | ১২৭৪.৪৪ |
| | ট্রেড লাইসেন্স | ৬০.০০ | ২.৫৫ | ৪৬.০৪ | ৭৬.৭৩% | ১৩.৯৬ |
| | দোকান ভাড়া | ৭.৭৯ | ০.৬১ | ৭.৭৯ | ১০০.০০% | ০.০০ |
| উপমোট | | ২০৯০.১৪ | ২৭.৯৬ | ৮০৩.২২ | ৩৮.৪০% | ১২৮৮.৪ |
| মোট | পৌরকর | ৯৯৮২.৩১ | ২০০.৮৪ | ৩২১৩.৮৮ | ৩২.২০% | ৬৭৬৮.৪৩ |
| | ট্রেড লাইসেন্স | ৮০০.০০ | ২৭.২৯ | ৬২৭.৭৬ | ৭৮.৪৭% | ১৭২.২৪ |
| | দোকান ভাড়া | ২৯২.০৪ | ৩৩.০৪ | ১৮১.৫৪ | ৬২.০৩% | ১১১.১১ |
| সর্বমোট | | ১১০৭৪.৩৫ | ২৬১.১৭ | ৪০২৩.১৮ | ৩৬.৩৩% | ৭০৫১.৭৮ |

**(খ) রাজস্ব আদায়: পানি সরবরাহ বিভাগের দাবি ও আদায় বিবরণী** (লক্ষ টাকায়)

| মাস | বিষয় | ওয়াসার বকেয়া | এনসিসির বকেয়া (জুলাই ২০২৩ থেকে ডিসেম্বর ২০২৪) | জানুয়ারি মাস (হাল) | মোট (ভ্যাট ব্যতীত) |
|---|---|---|---|---|---|
| জানুয়ারি ২০২৫ | দাবি (ভ্যাট ব্যতীত) | ২৮৩০.৬৬ | ৮৬০.৭৫ | ১৩৭.৩৪ | ৩৮২৮.৭৫ |
| | আদায় (ভ্যাট ব্যতীত) | ৫.০৭ | ২৭.৩৭ | ৯২.৫৩ | ১২৪.৯৭ |
| | নতুন সংযোগ ফি | - | - | ১১.৫৬ | ১১.৫৬ |

সভাপতি মহোদয় বলেন ডিসেম্বর ২০২৪ মাসের তুলনায় জানুয়ারি ২০২৫ মাসের ব্যয়ের তুলনায় আয় কম। সে প্রেক্ষিতে রাজস্ব আদায়ের হার বৃদ্ধি করণের লক্ষ্যে তিনি সংশ্লিষ্ট সকলকে আরো সক্রিয় হতে নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:** (১) ওয়ার্ডভিত্তিক কর খেলাপীদের তালিকা প্রণয়ন করে আদায় অভিযান পরিচালনা, লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদারকরণ, (২) ট্রেড লাইসেন্স নবায়ন ও ব্যবসায়ীদেরকে ট্রেড লাইসেন্স গ্রহণ করে ব্যবসা করার বিষয়ে উদ্বুদ্ধকরণের জন্য অঞ্চলভিত্তিক কার্যক্রম গ্রহণ, (৩) মার্কেট, ফ্ল্যাট ও দোকান ভাড়া আদায়ে তৎপর হওয়াসহ যাবতীয় রাজস্ব আদায় কার্যক্রম জোরালোভাবে সম্পন্ন করা, (৪) লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদার করা এবং রাজস্ব আদায়ে কাঙ্খিত মাত্রা অর্জিত না হওয়া পর্যন্ত তা চলমান রাখা, (৫) বকেয়া/ খেলাপি গ্রাহকগণের নিকট হতে এ প্রতিষ্ঠানের পাওনা রাজস্ব আদায়ের লক্ষ্যে তাদের অনুকূলে অতি দ্রুত পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** কর আদায়, বাজার শাখা এবং ট্রেড লাইসেন্স শাখা, রাজস্ব শাখা, পানি সরবরাহ বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৩:** জানুয়ারি ২০২৫ মাসের আয়-ব্যয় হিসাব পর্যালোচনা।

**আলোচনা:** প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চ:দা:) জনাব মোঃ হেমায়েত হোসেন সভায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের গত জানুয়ারি ২০২৫ মাসের আয়-ব্যয়ের তথ্য উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

| খাত | নভেম্বর/২০২৪ (লক্ষ টাকায়) | ডিসেম্বর/২০২৪ (লক্ষ টাকায়) | জানুয়ারি ২০২৫ (লক্ষ টাকায়) | মোট (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|
| **আয়** | | | | |
| রাজস্ব আয় | ৭৫২.২৭ | ৭৫৯.৩৮ | ৬৪৫.৭৯ | ২১৫৭.৪৪ |
| সরকারি উন্নয়ন বরাদ্দ (থোক বরাদ্দ থেকে) | -- | -- | -- | -- |
| মোট আয় | ৭৫২.২৭ | ৭৫৯.৩৮ | ৬৪৫.৭৯ | ২১৫৭.৪৪ |
| **ব্যয়** | | | | |
| রাজস্ব ব্যয় (রাজস্ব আয় থেকে) | ৪৪৯.৯৫ | ৪২০.৫২ | ৫৪০.৭৮ | ১৪১১.২৫ |
| উন্নয়ন ব্যয় (রাজস্ব আয় থেকে) | ১২৯৭.৩৩ | ৪১৭.৩৭ | ২১৭.৮৫ | ১৯৩২.৫৫ |
| উন্নয়ন ব্যয় (থোক বরাদ্দ থেকে) | ৯৫.২৮ | ৪৬.৭৭ | - | ১৪২.০৫ |
| মোট ব্যয় | ১৮৪২.৫৬ | ৮৮৪.৬৬ | ৭৫৮.৬৩ | ৩৪৮৫.৮৫ |

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে জানুয়ারি ২০২৫ মাসের আয়-ব্যয়ের হিসাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নে:** হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৪:** ডেঙ্গু প্রতিরোধে কার্যক্রম পর্যালোচনা সংক্রান্ত আলোচনা।

**আলোচনা: (ক) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধ সম্পর্কিত আলোচনা:** মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম উপস্থিত সকলকে ডেঙ্গু প্রতিরোধে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে গৃহীত বিশেষ পদক্ষেপসমূহ সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

ক. সাংগঠনিক কাঠামো/ প্রাতিষ্ঠানিক কাঠামো

১। নগরীর তিন অঞ্চলের ২৭ টি ওয়ার্ডের জন্য ৯টি মনিটরিং টিম গঠন করা হয়েছে।
২। নগরীর তিন অঞ্চলের জন্য ২ (দুই) জন করে সুপারভাইজার নিয়োজিত যারা মনিটরিং টিম ও মশক কর্মীদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে কাজ করেন।
৩। প্রতিটি ওয়ার্ডে মশক নিধন ও ডেঙ্গু প্রতিরোধে ৫ সদস্য বিশিষ্ট টিম রয়েছে।
৪। ২০ সদস্যবিশিষ্ট একটি Special টিম রয়েছে যারা জরুরি ডেঙ্গু প্রতিরোধ সেবায় নিয়োজিত।

খ. মশক নিধন কার্যক্রম

১। প্রতিদিন ২৭টি ওয়ার্ডে পূর্বাহ্নে (সকাল ৮:০০টা হতে দুপুর ১২:০০টা) হ্যান্ড স্প্রে মেশিনের মাধ্যমে লার্ভিসাইড এবং এল.ডি.ও ছিটানো হয়।
২। সপ্তাহে ৩ দিন অপরাহ্নে (বিকাল ৪:০০টা হতে সন্ধ্যা ৭:০০টা) ফগার মেশিনের সাহায্যে এডাল্টিসাইড ফগিং করা হয়।
৩। বিশেষ প্রয়োজনে নগরীর গুরুত্বপূর্ণ রাস্তা ও ঝুঁকিপূর্ণ জায়গায় স্পেশাল টিমের সাহায্যে ফগিং করানো হয়।
৪। নগরীর নর্দমা, খাল ও বদ্ধ জলাশয়ে অয়েল বল প্রয়োগ করা হয়।
৫। মশক ঝুঁকিপূর্ণ স্থানসমূহে নিয়মিত বিশেষ অভিযান পরিচালনা করা হয়।

গ. সচেতনতা কার্যক্রম

১। গুরুত্বপূর্ণ ১০টি স্থানে ডেঙ্গু সচেতনতামূলক বার্তাসহ ১০টি বিলবোর্ড স্থাপন করা হয়েছে।
২। জনসচেতনতামূলক ৫০ হাজার লিফলেট বিতরণ করা হয়েছে।
৩। নগরীর প্রতিটি ওয়ার্ডে ডেঙ্গু সচেতনতামূলক মাইকিং করা হচ্ছে।
৪। ২৮টি শিক্ষা প্রতিষ্ঠানে সরেজমিনে সচেতনতামূলক প্রচারণা করা হয়েছে।
৫। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ফেসবুক পেজ-এ জনসচেতনতামূলক বার্তা প্রচার করা হচ্ছে।
৬। ধর্মীয় নেতাদের (ইমাম, পুরোহিত, ফাদার) মাধ্যমে ডেঙ্গু বিষয়ক সচেতনতামূলক বার্তা প্রচার করা হচ্ছে, বিশেষ করে মসজিদের সম্মানিত ইমামগণকে জুম্মার নামাজের বয়ানে ডেঙ্গু বিষয়ে কথা বলার জন্য চিঠির মাধ্যমে অনুরোধ করা হয়েছে।
৭। মার্কেট, শপিং মল মালিক/ব্যবসায়ী প্রতিনিধিদের সম্পৃক্ত করে সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছে।
৮। নগরীর প্রতিটি ওয়ার্ডে ২টি করে মোট ৫৪টি ডেঙ্গু নিধন সভা আয়োজন করা হয়েছে।
৯। ডেঙ্গু নিধন ও জনসচেতন করার জন্য ১২টি মোবাইল কোর্ট পরিচালিত হয়েছে।

ঘ. প্রতিরোধ কার্যক্রম

১। মশক ঝুঁকিপূর্ণ স্থানে নিয়মিত সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় বিভিন্ন খাল, নর্দমা, বদ্ধ জলাশয় স্থানসমূহে লার্ভিসাইড ও এল.ডি.ও ছিটানো হচ্ছে।
২। ডেঙ্গু আক্রান্তের তথ্য সংগ্রহ করে আবাসস্থল ও তার চারপাশে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে।
৩। নগরীর বিভিন্ন ওয়ার্ডে নিয়মিত পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হচ্ছে।
৪। লঞ্চঘাট, রেলস্টেশন, বাসস্ট্যান্ডে বিশেষ অভিযানের মাধ্যমে ঔষধ ছিটানো হচ্ছে।

**(খ) ডেঙ্গু রোগীর তথ্যাদি বিষয়ক আলোচনা:** মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে ২০২৫ সালে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু আক্রান্ত রোগীদের হালনাগাদ তথ্য উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

| মাসের নাম | রোগীর সংখ্যা | মৃত্যুর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| জানুয়ারি | ১৩ | ০ | - |
| ফেব্রুয়ারি | ৩ | ০ | ১৫ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত |
| **মোট** | **১৬** | **০** | **-** |

তিনি আরোও জানান যে, গত ১৫/০২/২০২৫ খ্রিঃ তারিখে ৩০,০০০ লিটার অ্যাডাল্টিসাইড ক্রয় করা হয়েছে। যা দিয়ে নির্বিঘ্নে আগামী ৬ মাস ফগিং কার্যক্রম পরিচালনা করা সম্ভব হবে। আলোচনান্তে এ প্রতিষ্ঠান হতে গৃহীত সকল পদক্ষেপসমূহ চলমান রাখাসহ হ্যান্ড স্প্রে মেশিনের মাধ্যমে লার্ভিসাইড এবং এল.ডি.ও ছিটানো কার্যক্রম পূর্বের ন্যায় নিয়মিত পরিচালনা করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে ডেঙ্গু রোগের বাহক এডিস মশা নিধন, প্রতিরোধ এবং জনসচেতনতা কার্যক্রম যেভাবে পরিচালনা করা হচ্ছে তা জোরদার করাসহ নিয়মিতভাবে অব্যাহত রাখার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
**বাস্তবায়নে:** স্বাস্থ্য বিভাগ, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৫:** উন্নয়নমূলক কার্যক্রম (চলমান ও নতুন প্রকল্প) ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী (সিভিল) জনাব মোঃ আজগর হোসেন উন্নয়নমূলক কার্যক্রম (চলমান প্রকল্প ও নতুন প্রকল্প) ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

| নারায়ণগঞ্জ অঞ্চল | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রম | দরপত্র বিজ্ঞপ্তি নং | অর্থের উৎস | স্কিম সংখ্যা | সমাপ্ত স্কিম সংখ্যা | অসমাপ্ত স্কিম সংখ্যা | গড় অগ্রগতি | মন্তব্য |
| ০১ | ১৮/২০১৮-১৯ | নিজস্ব | ৪ | ৩ | ১ | ৯৮% | - |
| ০২ | ১৩/২০১৯-২০ | নিজস্ব | ৪ | ২ | ২ | ৯৭% | - |
| ০৩ | ১৬/২০২০-২১ | নিজস্ব | ৮ | ৪ | ৪ | ৮১% | - |
| ০৪ | ০৩/২০২১-২২ | নিজস্ব | ৪ | ৩ | ১ | ৭৫% | - |
| ০৫ | ০৮/২০২২-২৩ | LGCRRP | ৫ | ৩ | ২ | ৯২% | - |
| ০৬ | ০৬/২০২২-২৩ | ডিপিপি | ১ | ১ | - | ১০০% | - |
| ০৭ | ০২/২০২৩-২৪ | নিজস্ব | ১ | - | ১ | - | ঠিকাদার সময় চেয়ে আবেদন করেছেন। নথি চলমান। |
| ০৮ | ০৩/২০২৩-২৪ | নিজস্ব | ২ | - | ২ | ১০% | - |
| ০৯ | ০৬/২০২৩-২৪ | নিজস্ব | ৩ | ২ | ১ | ৭০% | - |
| ১০ | ০৫/২০২৩-২৪ | LGCRRP | ৯ | - | ৯ | ৭০% | - |
| ১১ | ০৭/২০২৩-২৪ | নিজস্ব | ২ | - | ২ | - | লে-আউট কাজ চলমান। |

| নারায়ণগঞ্জ অঞ্চলের প্রস্তাবিত স্কিমসমূহ | | |
|---|---|---|
| ক্রম | স্কিমের নাম | প্রাক্কলিত ব্যয় |
| ১ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সকল বিভাগের জন্য মনিহারী মালামাল ক্রয়। | ২২,৪৬,২৪২.০০ |
| ২ | এসেসমেন্ট শাখার জন্য জরুরিভিত্তিতে মনিহারী মালামাল সরবরাহকরণ। | ৩,৯৬,৩৪৪.০০ |
| ৩ | নারায়ণগঞ্জ সিটি পার্কের ঘাস ও গাছের ডাল কাটার জন্য যন্ত্রপাতি ক্রয়। | ১,৭৬,৭৪৯.০০ |
| ৪ | নগর ভবনের কার পার্কিং ও নীচ তলার বাথরুম মেরামতকরণ কাজ। | ৭,৮৩,৩৭৬.০০ |

| সিদ্ধিরগঞ্জ অঞ্চল | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রম | দরপত্র বিজ্ঞপ্তি নং | অর্থের উৎস | স্কিম সংখ্যা | সমাপ্ত স্কিম সংখ্যা | অসমাপ্ত স্কিম সংখ্যা | গড় অগ্রগতি | মন্তব্য |
| ০১ | **২৬/২০২০-২১** | নিজস্ব | ০১ | - | ০১ | ৮৫% | - |
| ০২ | ০৯/২০২২-২৩ | নিজস্ব | ০১ | - | ০১ | ২০% | - |
| ০৩ | ০৬/২০২৩-২৪ | নিজস্ব | ০৩ | ০২ | ০১ | ৯১% | - |
| ০৪ | ০৪/২০২৩-২৪ | ইউডিসিজিপি | ০২ | - | ০২ | ২৪% | - |
| ০৫ | ০২/২০২৪-২৫ | ইউডিসিজিপি | ০১ | - | ০১ | ০% | চুক্তিপত্র সম্পাদন করা হয়েছে। |

| সিদ্ধিরগঞ্জ অঞ্চলের প্রস্তাবিত স্কিমসমূহ | | |
|---|---|---|
| ক্রম | স্কিমের নাম | প্রাক্কলিত ব্যয় |
| ১ | সি আই খোলা কালাহাতিয়ার পাড় বাইতুন নূর মসজিদ এলাকার শাহ আলমের বাড়ি হতে নিজাম উদ্দিনের বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা মেরামত কাজ, ওয়ার্ড নং-১। | ৩,৬০,০০০.০০ |
| ২ | রহমত নগর জামাল মোল্লার বাড়ি হতে উত্তর দিকে আব্দুল কাদেরের বাড়ি হয়ে আব্দুল বারেক এর বাড়ি পর্যন্ত ও শাখা লিংক এ আরসিসি রাস্তা এবং ড্রেন নির্মাণ, ওয়ার্ড নং-১। | ২,৭২,২৩,৭৩৫.০০ |
| ৩ | পাগলা বাড়ি মসজিদ এর উত্তর পাশে দুদুমিয়ার বাড়ি হইতে পূর্ব দিকে মোহাম্মদ আলীর মিয়ার বাড়ি হয়ে উত্তর দিতে টিসি রোড অভিমুখী রাস্তা ও ড্রেন নির্মাণ, ওয়ার্ড নং-১। | ৪৯,৬৬,৬৭৫.০০ |
| ৪ | আবদুল মতিন সড়কের চৌরাস্তায় কেয়ার এন্ড কিউর মেডিসিন দোকানের পূর্বে মাষ্টার বাড়ী থেকে বীর মুক্তিযোদ্ধা মোসলেহ উদ্দিন বাড়ি পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মাণ, ওয়ার্ড নং-২। | ৮,৫১,৪৩০.০০ |
| ৫ | আবদুল মতিন সড়কের জাহাঙ্গীর আলমের বাড়ি থেকে ইমরান মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মাণ, ওয়ার্ড নং-২। | ৫২,৫০,৪৮৫.০০ |
| ৬ | আবদুল মতিন সড়কের আব্দুল আজিজ মিয়ার বাড়ি থেকে মিঃ নজরুল দারোগার পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মাণ, ওয়ার্ড নং-২। | ১৪,১৯,০৫০.০০ |

| | | |
|---|---|---|
| ৭ | পূর্ব সাহেবপাড়া গোলজার হোসেন এর বাড়ি হইতে বাদল মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মাণ, ওয়ার্ড নং-২। | ৭,০৯,৫২৫.০০ |
| ৮ | হাজেরা মার্কেটের নিকট গাজী নুরুল ইসলাম এর বাড়ি থেকে আব্দুল কাদের মেমোরিয়াল হাই স্কুল পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মাণ, ওয়ার্ড নং-২। | ১৯,৮৬,৬৭০.০০ |
| ৯ | দক্ষিণ সাহেবপাড়া বায়তুল মুকাদ্দাস মসজিদ রাস্তা হতে হুমায়ুন কবির ও হাজী আবু তাহের এর বাড়ি পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মাণ, ওয়ার্ড নং-২। | ৬৫,২৭,৬৩০.০০ |
| ১০ | খুশি ফিরোজ মানবিক স্কুল থেকে মাওঃ আলি আহমদ এর বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ, ওয়ার্ড নং-৩। | ৩৫,৪৭,৬২৫.০০ |
| ১১ | পূর্ব সানারপাড় কোরাস পেপার মিল থেকে পশ্চিম দিকে মরিয়ম স মিল হয়ে বাইতুল্লাহ আকসা জামে মসজিদ পর্যন্ত আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ, ওয়ার্ড নং-৩। | ৫৯,৬০,০১০.০০ |
| ১২ | দক্ষিণ সানারপাড় আব্দুল হাই এর বাড়ি হতে উত্তর দিকে কবির আহমেদ ফরাজির বাড়ি পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মাণ, ওয়ার্ড নং-৩। | ৩৫,৪৭,৬২৫.০০ |
| ১৩ | শিমরাইল আলনূর প্যাকেজিং হইতে দক্ষিণ পূর্বদিকে মোহাম্মদ আলী ও নুরু খন্দকারের বাড়ি হয়ে বোরহান এর বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ, ওয়ার্ড নং-৪। | ১,১৩,৫২,৪০০.০০ |
| ১৪ | জালকুড়ি নাইন্তারপাড়া মন্দির রোড সংলগ্ন মহিউদ্দিন সাহেবের বাড়ি হতে উত্তরে শেখ আঃ রহমান মাদ্রাসা পর্যন্ত বালি ভরাট ও ইউনিব্লক দ্বারা রাস্তা নির্মাণ, ওয়ার্ড নং-৯। | ১৩,০৩,৪২৮.০০ |
| ১৫ | জালকুড়ি নাইন্তারপাড়া আলী হোসেন সাহেবের বাড়ি হতে দক্ষিণ-পশ্চিম দিকে রনি সাহেবের বাড়ি পর্যন্ত মাটি ও বালি ভরাটসহ ইউনিব্লক দ্বারা রাস্তা নির্মাণ, ওয়ার্ড নং-৯। | ৪৬,৫০,৪২১.৬০ |
| ১৬ | দোলনচাঁপা-১ ভবনে ভাঙ্গা কাঁচ মেরামতকরণ ও ওয়ার্ড কাউন্সিলর অফিসে কম্পিউটার ও প্রিন্টার সরবরাহকরণ। | ২,৫৩,৬৫৬.০০ |

**কদমরসুল অঞ্চল**

| ক্রম | দরপত্র বিজ্ঞপ্তি নং | অর্থের উৎস | স্কিম সংখ্যা | সমাপ্ত স্কিম সংখ্যা | অসমাপ্ত স্কিম সংখ্যা | গড় অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | **২৫/২০১৮-১৯** (পরিচ্ছন্নকর্মী নিবাস) | ডিপিপি ও নিজস্ব | ০৩ | ০২ | ০১ | ৯৭% | - |
| ০২ | ০৪/২০২০-২১ (পরিচ্ছন্নকর্মী নিবাস) | ডিপিপি ও নিজস্ব | ০২ | -- | ০২ | ৯৯% | - |
| ০৩ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন | ডিপিপি | -- | -- | -- | ৫০% | ভূমি অধিগ্রহণের ব্যয় বৃদ্ধি পাওয়ায় ৪০৭৮৫.৪৮ লক্ষ টাকা ব্যয় সংবলিত ১ম সংশোধিত ডিপিপি'র জন্য ৩০/০১/২০২৫ খ্রিঃ তারিখে পিএসসি সভা হয়েছে। |
| ০৪ | ১৯/২০২০-২১ (ভবন) | নিজস্ব | ০৯ | ০৫ | ০৩ | ৮৭% | ১টি প্রকল্প স্থগিত। |
| ০৫ | ০৬/২০২৩-২৪ (ড্রেন পরিঃ) | নিজস্ব | ০৩ | ০২ | ০১ | ৯৭% | - |
| ০৬ | ০৭/২০২৩-২৪ (ভবন ও গ্যারেজ নির্মাণ) | নিজস্ব | ০৩ | -- | ০৩ | -- | NOA প্রদান করা হয়েছে। |

**কদমরসুল অঞ্চলের প্রস্তাবিত স্কিমসমূহ**

| ক্রম | স্কিমের নাম | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|
| ১ | হাজী কফিল উদ্দিন সাহেবের বাড়ি হতে মোঃ মোস্তফা মিয়ার বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ, ওয়ার্ড নং-১৯। | ১৪,৫৩,৭২২.৪৭ |
| ২ | ফরাজীকান্দা মান্নান সাহেবের বাড়ি হতে আব্দুল কুদ্দুস মিয়ার বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ, ওয়ার্ড নং-২০। | ১৬,৯০,০৫৭.৯৫ |
| ৩ | ত্রিবেনী ব্রিজের উভয় পাশের কার্পেটিং রাস্তা মেরামতকরণ, ওয়ার্ড নং-২১। | ৩,৫৫,৬৪০.০০ |
| ৪ | মদনগঞ্জ ব্রিজের উভয় পাশের কার্পেটিং রাস্তা মেরামতকরণ, ওয়ার্ড নং-২০। | ১৯,৫০,০০০.০০ |
| ৫ | কদমরসুল অফিস মেরামতকরণ, ওয়ার্ড নং-২৩। | ৫১,৬২,৭৫৪.০৫ |

| | | |
|---|---|---|
| ৬ | আলী আহাম্মদ চুনকা সড়কের ৪ টি স্থানে কার্পেটিং রাস্তা মেরামতকরণ, ওয়ার্ড নং-২১। | ১,৭৭,১৭,১৩০.৩৬ |
| ৭ | সিএসডির পূর্বপাশের পাইপ ড্রেন নির্মাণ, ওয়ার্ড নং-২৩। | ১,৬৭,৮১০.০০ |
| ৮ | Supplying Mosquito Insect Killer (Adulticide) for Narayanganj City Corporation | ৮৯,৪০,০০০.০০ |

সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সভাপতি মহোদয় বর্ণিত কাজে ব্যবহৃত ভূমির শ্রেণি পরিবর্তনের ফি কমানোর জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ), নারায়ণগঞ্জ-কে অনুরোধ জানান। সে প্রেক্ষিতে এ প্রতিষ্ঠান হতে বর্ণিত বিষয়ে নথি নম্বর ও কেস নম্বর সরবরাহ করা হলে উক্ত বিষয়ে তিনি ব্যবস্থা গ্রহণ করবেন বলে আশ্বস্ত করেন।

**সিদ্ধান্ত:** (১) আলোচনায় উল্লিখিত উন্নয়ন কাজ ও প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
(২) আলোচনায় উল্লিখিত কাজের সুবিধার্থে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে নথি ও কেস নম্বর সরবরাহ করা হলে নথির শ্রেণি পরিবর্তনের ফি কমানোর ক্ষেত্রে জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ হতে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** (১) প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন; (২) অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ), নারায়ণগঞ্জ।

**আলোচ্যসূচি ৬:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সঞ্চয় ও ক্ষুদ্রঋণ বিতরণ নীতিমালা অনুমোদন সংক্রান্ত আলোচনা।

**আলোচনা**: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম ফরিদুল মিরাজ জানান এ প্রতিষ্ঠান হতে প্রান্তিক জনগোষ্ঠির মাঝে ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়। বর্তমান সময়ের প্রেক্ষিতে এ সংক্রান্ত নীতিমালা পরিবর্তন করা প্রয়োজন। তিনি এ বিষয়ে তৈরিকৃত প্রস্তাবিত নীতিমালা সকলের সামনে তুলে ধরেন এবং অনুমোদন কামনা করেন। উক্ত নীতিমালাটি নিম্নরুপ:

১। ইহা "নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সঞ্চয়, ক্ষুদ্রঋণ বিতরণ ও আদায় নীতিমালা" হিসাবে বিবেচিত হবে।
২। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডে এই নীতিমালা কার্যকর হবে।
৩। সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর/ওয়ার্ড সচিব এর সুপারিশ সাপেক্ষে প্রাথমিক দল অনুমোদিত হবে।
৪। সর্বোচ্চ ১৫ জন সদস্য নিয়ে একটি দল করতে হবে। মাসিক আয় সর্বোচ্চ ২০,০০০/- টাকা এমন সদস্য নিয়ে প্রাথমিক দল গঠন করতে হবে।
৫। ঋণ গ্রহীতাকে অবশ্যই দলের সঞ্চয়ী সদস্য হতে হবে এবং ব্যক্তিগত এ্যাকাউন্ট থাকতে হবে।
৬। দল যৌথভাবে ঋণ পরিশোধের জন্য দায়বদ্ধ থাকবে।
৭। যদি দল তার সদস্যদের ঋণের কিস্তির টাকা পরিশোধে ব্যর্থ হয়, তবে সমুদয় দায়-দেনা ঐ দলের সঞ্চয় থেকে আদায় করে পরিশোধ করা হবে। ঋণ খেলাপীকে ভবিষ্যতে আর কোনো ঋণ প্রদান করা হবে না।
৮। দলীয় সভার সর্বসম্মত সিদ্ধান্ত মোতাবেক ঋণ গ্রহীতাদের তালিকা প্রাথমিকভাবে নির্বাচন করবেন। অতঃপর নির্বাচিত ঋণ গ্রহীতা তালিকা কমিউনিটি কর্মীর সুপারিশক্রমে অনুমোদনের জন্য সিটি কর্পোরেশনে দাখিল করবেন।
৯। ঋণের সার্ভিস চার্জ সকল ক্ষেত্রে বার্ষিক ১০% হারে আদায় করতে হবে।
১০। বিতরণকৃত ঋণের টাকা এক বৎসরের মধ্যে সাপ্তাহিক ৫০ কিস্তির বা মাসিক ১২ কিস্তিতে আদায় সম্পন্ন করতে হবে।
১১। আবেদনকারীদের তালিকা প্রাপ্তির পর প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা ২০% আবেদন সরেজমিনে যাচাই করে, তা ঋণ অনুমোদন কমিটির সভায় উপস্থাপন করবেন।
১২। মেয়র/প্রশাসক মহোদয় চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে হিসাব বিভাগ ঋণ গ্রহীতাদের সদস্যভিত্তিক এ্যাকাউন্ট পে-চেক প্রস্তুত করত: স্বাক্ষরের জন্য নথি উপস্থাপন করবেন।
১৩। ক্ষুদ্র ঋণের জন্য সৃষ্ট আবর্তক তহবিলটি মেয়র মহোদয় ও প্রধান নির্বাহী কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।
১৪। ঋণের পরিমাণ ১০,০০০/- টাকা থেকে ১,০০,০০০/- টাকা পর্যন্ত হতে পারে। ১ম পর্যায়ে ঋণের পরিমাণ ১০,০০০/- থেকে ১২,০০০/- টাকা হবে। সেক্ষেত্রে সন্তোষজনকভাবে ০২ (দুই) বার ঋণ পরিশোধ করেছে এমন সদস্যকে ৩০,০০০/- টাকা বা ততোধিক পরিমাণ টাকা ঋণ প্রদান করা যাবে।
১৫। আবর্তক তহবিলের মূল অর্থ বিতরণযোগ্য হওয়া মাত্রই তা নতুন সদস্যকে ঋণ হিসাবে প্রদান করা যাবে।
১৬। ঋণ গ্রহীতা নির্বাচনের ক্ষেত্রে যে যে বিষয় লক্ষ্য রাখতে হবে:
ক) ছেলে মেয়েকে অবশ্যই বিদ্যালয়ে পাঠাতে হবে।
খ) অবশ্যই স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহার করতে হবে।
গ) সন্তান দুইটি বেশি হলে অবশ্যই পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ করতে হবে।
ঘ) অবশ্যই লক্ষ্যভুক্ত পরিবার এবং দলের সদস্য হতে হবে।
ঙ) স্বাক্ষরজ্ঞান থাকতে হবে।

চ) নূন্যতম ৩ মাস পূর্বে সঞ্চয়ী দলের সদস্য হয়েছেন এবং নিয়মিত সঞ্চয় করছেন, এমন সদস্য হতে হবে।

ছ) বয়স ১৮ থেকে ৫০ এর মধ্যে হতে হবে।

জ) একই পরিবার হতে একজনই মাত্র ঋণ পাবেন।

ঝ) অন্য কোন সংস্থা/এন.জি.ও হতে ঋণ গ্রহণ করলে সে ঋণ পাবেন না।

ঞ) দলীয় সভায় কমপক্ষে ৭০% উপস্থিত থাকতে হবে।

ট) ঋণের টাকা লাভজনক খাতে ব্যবহারের অঙ্গীকার করতে হবে।

ঠ) তহবিলের তুলনায় ঋণ আবেদনকারীর সংখ্যা বেশি হলে নিয়মিত সঞ্চয় জমা ও সভায় হাজিরাকে অগ্রাধিকার দেয়া হবে।

১৭। ঋণ গ্রহণের পর কোন সদস্য মৃত্যুবরণ করলে তার উত্তরাধীকারীগণ ঋণ পরিশোধে বাধ্য থাকবেন। তারা ঋণ পরিশোধে অসমর্থ হলে মৃত্যু সনদ ও দলীয় সুপারিশসহ তা মওকুফের জন্য মেয়র/প্রশাসক মহোদয় বরাবর আবেদন করতে পারবেন। প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা আবেদনটি ঋণ বাছাই কমিটির সভায় উপস্থাপন এবং সুপারিশ সাপেক্ষে অনুমোদনের জন্য নথিতে উপস্থাপন করবেন।

১৮। ঋণ বাছাই কমিটি:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রধান নির্বাহী কর্মকর্তা। |
| সদস্য | : | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা। |
| সদস্য | : | বস্তি উন্নয়ন কর্মকর্তা। |
| সদস্য | : | সংশ্লিষ্ট কমিউনিটি কর্মী। |
| সদস্য সচিব | : | প্রধান সমাজকল্যাণ কর্মকর্তা ও বস্তি উন্নয়ন কর্মকর্তা। |

ঋণ বাছাই কমিটি আবেদন প্রাপ্তির পরে সভায় মিলিত হয়ে ঋণ অনুমোদনের সুপারিশ করবেন।

১৯। ঋণ বিতরণ: কমিউনিটি কর্মীগণ প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তার উপস্থিতিতে ঋণ গ্রহীতাগণের স্বাক্ষর করবেন। উক্ত কাজের জন্য কমিউনিটি কর্মী নির্দিষ্ট মাস্টাররোল ও রেভিনিউ স্ট্যাম্প ব্যবহার করবেন। তবে ঋণ বিতরণের পর সকল রেজিস্টার ও পাশ বইয়ে তা লিপিবদ্ধ করতে হবে। কমিউনিটি কর্মী উক্ত কাজ সঠিক সময়ে যথাযথভাবে করছেন কিনা প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা তা পরীক্ষা করে স্বাক্ষর করবেন।

২০। ঋণ বাছাই কমিটির অনুমোদিত কার্যবিবরণীসহ সমাজ কল্যাণ বিভাগ চূড়ান্ত অনুমোদনের জন্য নথি উপস্থাপন করবেন।

২১। ঋণ আদায় প্রক্রিয়া: ঋণ বিতরণের ১ (এক) মাস পর হতে কমিউনিটি কর্মীগণ সাপ্তাহিক/মাসিক সমান কিস্তিতে তা আদায় করবেন। যেমন, কোন সদস্যা জানুয়ারি মাসে (যে কোন তারিখে) ঋণের চেক গ্রহণ করলে উক্ত ঋণ মার্চ মাসের ১ম সপ্তাহ হতে আদায়যোগ্য হবে। ঋণ ও সঞ্চয়ের টাকা আদায় করে ১ দিনের মধ্যে তা ব্যাংকে জমা নিশ্চিত করবেন। উক্ত কাজের পাশাপাশি ঋণ আদায়, পাশ বই, রেজিস্টার, আদায় বিবরণীতে লিপিবদ্ধ করতে হবে। উক্ত কাজ সমাজ কল্যাণ কর্মকর্তা ও বস্তি উন্নয়ন কর্মকর্তা তদারকি করবেন। আদায় বিবরণী ও পাশ বই মিলিয়ে রেজিস্টার স্বাক্ষর করবেন বস্তি উন্নয়ন কর্মকর্তা।

২২। সঞ্চয় সম্পর্কিত নীতিমালা:

ক) সঞ্চয় অবশ্যই সাপ্তাহিক হিসেবে আদায় করতে হবে।

খ) প্রত্যেক দলকে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসর নিয়মিতভাবে সঞ্চয় জমা করতে হবে।

গ) সঞ্চয় উত্তোলনের সময় সকল সদস্যকে ঋণ ফেরত দিতে হবে।

ঘ) মৃত ব্যক্তি নমিনী লভ্যাংশসহ সঞ্চয় ফেরত নিতে পারবেন।

ঙ) স্ব-নির্ধারণী পদ্ধতিতে সঞ্চয়ের পরিমাণ নির্ধারণ করা হবে।

চ) আদায়কৃত সঞ্চয় দলীয় ব্যাংক এ্যাকাউন্টে জমা করতে হবে।

ছ) সঞ্চয় তহবিলটি দলনেত্রী ও সম্পাদিকার যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

জ) সঞ্চয় তহবিলের লভ্যাংশে সঞ্চয়ের পরিমাণেরভিত্তিতে বন্টন করা হবে।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে "নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সঞ্চয়, ক্ষুদ্রঋণ বিতরণ ও আদায় নীতিমালা" অনুমোদন ও কার্যকর করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** সমাজকল্যাণ বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৭:** এ প্রতিষ্ঠানে দায়িত্বরত পরিচ্ছন্নকর্মীগণের দাফন/ দাহকাজে প্রদানকৃত অনুদানের পরিমাণ বৃদ্ধিকরণ সংক্রান্ত আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম জানান, এ প্রতিষ্ঠানে কোনো স্থায়ী পরিচ্ছন্নকর্মী নাই। যারা কর্মরত আছেন তারা সবাই দৈনিক হাজিরার মজুরিভিত্তিতে কাজ করে থাকেন এবং কর্মরত কোনো পরিচ্ছন্নকর্মীর মৃত্যু হলে তাদের আবেদনের প্রেক্ষিতে মৃতব্যক্তির দাফন/ দাহকাজে এ প্রতিষ্ঠান হতে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে অনুদান বাবদ প্রদান করা হয়। যা বর্তমান সময়ে নিতান্তই কম। পূর্বে পরিচ্ছন্নকর্মী হিসেবে শুধুমাত্র সনাতন ধর্মের হরিজন সম্প্রদায়ের লোকেরা কাজ করতো। কালের পরিক্রমায় এ কাজে

বর্তমানে অন্যান্য ধর্মের লোকেরাও অন্তর্ভুক্ত হয়েছেন। অর্থাৎ, পরিচ্ছন্নকর্মীর কাজে বিভিন্ন ধর্মের লোকজন নিয়োজিত আছেন। বর্তমান নিত্যপণ্যের ঊর্ধ্বগতির বিষয়টি বিবেচনায় উক্ত অনুদানের পরিমাণ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার পরিবর্তে ১০,০০০/- (দশ হাজার) করে প্রদান করা যেতে পারে মর্মে তিনি প্রস্তাব দাখিল করেন। তার এ প্রস্তাবের প্রেক্ষিতে এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে, (১) এ প্রতিষ্ঠানে নিয়োজিত পরিচ্ছন্নকর্মীগণ যে ধর্মেরই হোক না কেন; কোনো পরিচ্ছন্নকর্মী চাকরিতে থাকাকালীন/ কর্মরত অবস্থায় মৃত্যুবরণ করলে তার দাফন/ দাহ/ সৎকার কাজে এ প্রতিষ্ঠান হতে সর্বসাকুল্যে এককালীন ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) মৃত ব্যক্তি তার মৃত্যুর পূর্বলগ্নে এ প্রতিষ্ঠানের পরিচ্ছন্ন কাজে নিয়োজিত থাকলে তবেই তার দাফন/ দাহ/ সৎকার কাজের অনুদানের জন্য তার পরিবারের সদস্য/ সদস্যগণ আবেদনের প্রেক্ষিতে এ অনুদান প্রাপ্য হবেন। তবে এক্ষেত্রে শুধুমাত্র মৃত ব্যক্তির স্ত্রী/ স্বামী/ সন্তান/ পিতা/ মাতা ও সহোদর ভাই-বোন (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যতীত অন্য কেউ এ অনুদানের জন্য আবেদন করতে পারবেন না মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ ও হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৮:** এ সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন স্থাপনার নাম পরিবর্তন সংক্রান্ত আলোচনা।

**আলোচনা**: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম জানান, ১৬/০১/২০২৫ খ্রিঃ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত উপদেষ্টা পরিষদ বৈঠকের কার্যবিবরণীর [মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ অধিশাখার ১৯/০১/২০২৫ খ্রিঃ তারিখের স্মারক নং ০৪.০০.০০০০.০০০.৩১১.০৬.০১০৩.২৫.৩৫(৫১)] সিদ্ধান্ত নং- ১২.৩ নিম্নরুপ:

**"১২.৩। ২০২৪ সালের জুলাই-আগস্ট মাসে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে পতিত ফ্যাসিস্ট সরকারের সঙ্গে জড়িত ব্যক্তিবর্গের নামে রাষ্ট্রীয় সংস্থা/ প্রতিষ্ঠান ও স্থাপনার নামকরণ বাতিলের উদ্দেশ্যে উপদেষ্টা পরিষদ-বৈঠকের আলোচনা অনুযায়ী সকল মন্ত্রণালয়/ বিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।"**

এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন-১ শাখা হতে ১৩/০২/২০২৫ খ্রিঃ তারিখে ৪৬.০০.০০০০.০৭০.১৬.০০৪.২০-১১৩ নং স্মারকে পত্র পাওয়া গেছে। বর্ণিত স্মারকে ২০২৪ সালের জুলাই- আগস্ট মাসে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে পতিত ফ্যাসিস্ট সরকারের সঙ্গে জড়িত ব্যক্তিবর্গের নামে প্রশাসনিক আদেশে বা স্থানীয় উদ্যোগে নির্মিত স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/ সংস্থার বিভিন্ন প্রতিষ্ঠান/ স্থাপনা/ রাস্তা/ সেতু ও অন্যান্য অবকাঠামোর নামসমূহ সংশ্লিষ্ট প্রশাসনিক এখতিয়ারের আওতায় পরিবর্তন করে ৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে জনানোর জন্য বলা হয়।

সে প্রেক্ষিতে তিনি জানান, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতায় "শেখ রাসেল পার্ক" নামে একটি স্থাপনা রয়েছে। যা নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্মাণ করা হয়েছে। উপদেষ্টা পরিষদের বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে উক্ত স্থাপনার নাম পরিবর্তন করা প্রয়োজন। এজন্য তিনি উক্ত স্থাপনার বর্তমান নাম পরিবর্তনের লক্ষ্যে উপযুক্ত নাম প্রস্তাবের জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে উক্ত স্থাপনার নাম "শেখ রাসেল পার্ক" পরিবর্তন করে "নারায়ণগঞ্জ সিটি পার্ক" নামকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন "শেখ রাসেল পার্ক" এর নাম পরিবর্তন করে "নারায়ণগঞ্জ সিটি পার্ক" নামকরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ ও প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৯:** সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে দক্ষ শ্রমিক হিসেবে নিয়োগ সংক্রান্ত আলোচনা।

**আলোচনা**: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম জানান, এ প্রতিষ্ঠানের কার্যক্রমকে আরও বেগবান করার লক্ষ্যে জরুরিভিত্তিতে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত কর্মচারীগণকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে দক্ষ শ্রমিক হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। বিষয়টি সভায় অনুমোদনের জন্য তিনি উপস্থাপন করেন।

| নিয়োগের ধরণ | নিয়োগের স্থান/ বিভাগ/ শাখা | সংখ্যা (জন) | মাসিক বেতন | মোট মাসিক বেতন |
|---|---|---|---|---|
| দক্ষ শ্রমিক | পানি সরবরাহ বিভাগ | ১ | ১৫০০০/- | ১৫,০০০/- |
| | বিদ্যুৎ শাখা | ১ | ১৫,০০০/- | ১৫,০০০/- |
| | রাজস্ব শাখা | ৮ | ১৫০০০/- | ১,২০,০০০/- |
| | যানজট নিরসন কর্মী | ১৬ | ১৬x১৫০০০/- | ২,৪০,০০০/- |
| | যানজট নিরসন কর্মী (শিক্ষার্থী) | ১৯ | ১৯x১১০০০/- | ২,০৯,০০০/- |
| | **মোট =** | **৪২ জন** | -- | **৫,৯৯,০০০/-** |

উপর্যুক্ত বিষয়ের আলোচনায় অংশ নিয়ে এ প্রতিষ্ঠানের নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম জানান, নারায়ণগঞ্জ শহর একটি শিল্প ও বানিজ্য সমৃদ্ধ নগরী। এ শহরের প্রধান প্রধান সড়কে প্রতিনিয়ত যানজট লেগেই থাকে। এ জন্য নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হয়ে থাকে। যানজট কমানোর ব্যবস্থা গ্রহণের জন্য এ প্রতিষ্ঠান হতে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে দক্ষ শ্রমিক হিসেবে মোট ৩৫ জন যানজট নিরসন কর্মী নিয়োগ দেওয়া হয়েছে। যার মধ্যে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ১৯ জন শিক্ষার্থী রয়েছে। দেশ নির্মাণে তাদের ভূমিকা রাখার লক্ষ্যে তাদের এই কাজে সম্পৃক্ত করা হয়েছে। নগরীর ০৫ টি গুরুত্বপূর্ণ পয়েন্ট যথা চাষাড়া মোড়, মেট্রো সিনেমা হল মোড়, মহিলা কলেজ এবং নিতাইগঞ্জ মোড়ে তারা যানজট নিরসনের জন্য প্রতিদিন ০৭ ঘন্টা করে (সকাল ৭ টা হতে দুপুর ২টা এবং দুপুর ২ টা হতে রাত ৯ টা) পর্যন্ত সপ্তাহে ০৬ দিন প্রতি পয়েন্টে ০৪ জন করে ২টি শিফট- এ মোট (৪জন× ৪টি পয়েন্ট× ২ শিফট) = ৩২+৩=৩৫ জন দায়িত্ব পালন করছেন এবং উক্ত দায়িত্ব পালনের সময় তাদের স্ব-স্ব প্রতিষ্ঠানের স্টুডেন্ট আইডি পরিহিত অবস্থায় থাকবেন। যানজট নিরসনের ক্ষেত্রে ছাত্রদের সম্পৃক্ততায় কিছুটা হলেও ভালো ফল পাওয়া যাবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভায় এ বিষয়ে আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে ছকে উল্লিখিত মাসিক বেতনে বর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে দক্ষ শ্রমিক হিসেবে জনবল নিয়োগের বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ, হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ১০:** এ প্রতিষ্ঠানে চুক্তিভিত্তিক কর্মচারী হিসেবে নিয়োজিত ০২ জন কর্মচারীর মাসিক সম্মানি বৃদ্ধি প্রসঙ্গে আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম জানান, এ প্রতিষ্ঠানে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে চুক্তিভিত্তিক নিয়োগের মাধ্যমে আইটি পারদর্শী ও প্রকৌশলী পদে নিয়োজিত ০২ জন জনবলের মাসিক সম্মানি ভাতা বর্তমান নিত্যপণ্যের উর্ধ্বগতির বিষয়টি বিবেচনা করে বাড়ানো হয়েছে। বিষয়টি সভায় অনুমোদন করা প্রয়োজন। তাদের বিস্তারিত নিম্নরূপ:

| পদের নাম (চুক্তিভিত্তিক) | সংখ্যা | পূর্বের মাসিক বেতন | বর্তমান মাসিক বেতন | মাসিক বেতন বৃদ্ধির হার |
|---|---|---|---|---|
| জনাব মোহাম্মদ ইমরান<br>আইটি পারদর্শী | ০১ জন | ১৫,০০০/- | ৩০,০০০/- | ১৫,০০০/- |
| জনাব মোঃ শফিউল আজম<br>চুক্তিভিত্তিক প্রকৌশলী | ০১ জন | ১৫,০০০/- | ২৫,০০০/- | ১০,০০০/- |
| **মোট=** | ০২ জন | -- | -- | -- |

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে অস্থায়ীভিত্তিতে চুক্তিভিত্তিক আইটি পারদর্শী পদে নিয়োজিত কর্মচারীর মাসিক সম্মানি বর্ণিত হারে ০১/১১/২০২৪ খ্রিঃ হতে এবং চুক্তিভিত্তিক প্রকৌশলী পদে নিয়োজিত কর্মচারীর মাসিক সম্মানি বর্ণিত হারে ০১/০২/২০২৫ খ্রিঃ তারিখ থেকে ভূতাপেক্ষভাবে কার্যকর করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ, হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ১১:** শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদযাপন প্রসঙ্গে আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম জানান, শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদযাপনের লক্ষ্যে মন্ত্রণালয় পর্যায়ে আন্তঃমন্ত্রণালয় সভা এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসকের কার্যালয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত ২টি সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসারে সরকারি কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে, যা নিম্নরূপ:

| ক্র. নং | তারিখ ও সময় | কর্মসূচির বিবরণ |
|---|---|---|
| ০১ | ২০.০২.২০২৫ খ্রিঃ | শহরের প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ বাংলা বর্ণমালা, পুঁথি ও ঐতিহাসিক ছবি এবং নারায়ণগঞ্জের ভাষা শহিদ ও ভাষা সৈনিকদের ছবি ও নাম সম্বলিত ফেস্টুন দ্বারা সজ্জিতকরণ। |
| ০২ | ২০.০২.২০২৫ খ্রিঃ | নারায়ণগঞ্জ কেন্দ্রীয় পৌর শহিদ মিনার মেরামত/ সংস্কার, রং, হোয়াইট ওয়াশ ও সজ্জিতকরণ। |
| ০৩ | ২০.০২.২০২৫ খ্রিঃ | শহিদ মিনার এলাকায় ২০ ফেব্রুয়ারি সন্ধ্যা থেকে ২১ ফেব্রুয়ারি রাত পর্যন্ত সার্চ লাইটের মাধ্যমে পর্যাপ্ত আলোর ব্যবস্থা গ্রহণ। |
| ০৪ | ২০.০২.২০২৫ খ্রিঃ<br>ও<br>২১.০২.২০২৫ খ্রিঃ | কদমরসুল অঞ্চলে বন্দর কেন্দ্রীয় পৌর শহিদ মিনার প্রয়োজনীয় সংস্কারকরণ, শহিদ মিনারে পর্যাপ্ত আলোর ব্যবস্থা গ্রহণ ও তদসংলগ্ন এলাকা সম্পূর্ণ পরিষ্কার পরিচ্ছন্নকরণ। |

| | | |
|---|---|---|
| ০৫ | ২০.০২.২০২৫ খ্রিঃ | পুষ্পস্তবক তৈরিকরণ। |
| ০৬ | ২১.০২.২০২৫ খ্রিঃ (২০.০১.২০২৫ খ্রিঃ তারিখ দিবাগত রাত ১২.০১ মিনিটে) | নারায়ণগঞ্জ কেন্দ্রীয় পৌর শহিদ মিনারে সিটি কর্পোরেশনের পক্ষ থেকে ২০.০১.২০২৫ খ্রিঃ তারিখ দিবাগত রাত ১২.০১ মিনিটে পুষ্পস্তবক অর্পণ। |
| ০৭ | | কদমরসুল বন্দর পৌর শহিদ মিনারে সিটি কর্পোরেশনের পক্ষ থেকে ২০.০১.২০২৫ খ্রিঃ তারিখ দিবাগত রাত ১২.০১ মিনিটে পুষ্পস্তবক অর্পণ। |
| ০৮ | ২১.০২.২০২৫ খ্রিঃ | নগর ভবন, কদমরসুল ও সিদ্ধিরগঞ্জ আঞ্চলিক কার্যালয়ে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। |
| ০৯ | ২১.০২.২০২৫ খ্রিঃ | একুশে ফেব্রুয়ারির দিবাগত রাতে ও দিনে নারায়ণগঞ্জ কেন্দ্রীয় পৌর শহিদ মিনার এলাকার আশে পাশে অন্তত ০৫ টি স্থানে বিশুদ্ধ ও সুপেয় খাবার পানি সরবরাহ করা। |
| ১০ | ২১.০২.২০২৫ খ্রিঃ বাদ আসর | মহান ভাষা আন্দোলনে শহিদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা ও তাদের আত্মার শান্তি কামনায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মাসদাইর কেন্দ্রিয় সিটি জামে মসজিদে মিলাদ মাহফিলের আয়োজন ও বর্ণিত মসজিদের সম্মুখে ব্যানার টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ । |

বিষয়টি তিনি সকলের জ্ঞাতার্থে এবং সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে উপর্যুক্ত আলোচনা অনুযায়ী কর্মসূচি গ্রহণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট শাখা ও বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

অতঃপর আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও তাদের সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/২/২০২৫

(এ, এইচ, এম কামরুজ্জামান)
প্রশাসক
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

তারিখ: ১৮/০২/২০২৫ খ্রিঃ

স্মারক নং-৪৬.১৬.০০০০.০০৪.০৬.১৭৬.২৪- ৭৬

<u>সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:</u>

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৩। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৪। ---------------------------------------------------------------------------------------------------- নারায়ণগঞ্জ।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭। নির্বাহী প্রকৌশলী (সকল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮। জনাব ------------------------------------------------------------------------------------------- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯। ---------------------------------------------------বিভাগ/শাখা, নারায়ণগঞ্জ/সিদ্ধিরগঞ্জ/কদমরসুল অঞ্চল, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১০। অফিস কপি/ গার্ড নথি, প্রশাসন শাখা।

১৮/০২/২০২৫

(মোঃ নূর কুতুবুল আলম)
সচিব (উপসচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

**পরিশিষ্ট - (ক)**

১৭/০২/২০২৫ খ্রিঃ তারিখ রোজ সোমবার সরকার কর্তৃক গঠিত কমিটির ৫ম **সভায় উপস্থিত সদস্যগণের** তালিকা: (স্বাক্ষরের ক্রমানুসারে)

১) জনাব এ, এইচ, এম কামরুজ্জামান, প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২) জনাব মোহাম্মদ জাকির হোসেন, প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩) জনাব মোঃ নূর কুতুবুল আলম, সচিব (উপসচিব), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪) জনাব মোঃ আব্দুল ওয়ারেছ আনসারী, অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), নারায়ণগঞ্জ।
৫) জনাব মোঃ সোহান সরকার, অতিরিক্ত পুলিশ সুপার (প্রসিকিউশন), নারায়ণগঞ্জ।
৬) ডাঃ এ এফ এম মুশিউর রহমান, সিভিল সার্জন, নারায়ণগঞ্জ।
৭) জনাব মোঃ আহসানুজ্জামান, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
৮) জনাব মোঃ মাহমুদ খান, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
৯) জনাব মোঃ আতিকুর রহমান, জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
১০) জনাব ফেরদৌসী বেগম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
১১) জনাব নাঈম হাসান মাহমুদ, নির্বাহী প্রকৌশলী, ডিপিডিসি, নারায়ণগঞ্জ।
১২) জনাব খাজা সাদিকুর রহমান, সহকারী পরিচালক (প্রতিনিধি), বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ), নারায়ণগঞ্জ।
১৩) জনাব মোঃ আবদুল্লাহ আল আরেফীন, উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, নারায়ণগঞ্জ।
১৪) জনাব মোঃ সাইফুল কবীর, মোটরযান পরিদর্শক, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), নারায়ণগঞ্জ।
১৫) প্রকৌশলী মোঃ মামুনুর রশিদ, উপমহাব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন লিমিটেড, নারায়ণগঞ্জ।
১৬) জনাব এ, এইচ, এম রাসেদ, উপ পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
১৭) জনাব মোঃ রাসেল ইসলাম, প্রধান ইমারত পরিদর্শক (প্রতিনিধি) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, জোন-৮/২, নারায়ণগঞ্জ।

**উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা:**

১) জনাব মোঃ আজগর হোসেন, নির্বাহী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২) জনাব মোঃ ইউছুফ আলী, নির্বাহী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩) জনাব কে এম ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪) জনাব মোঃ হেমায়েত হোসেন, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৫) জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬) ডাঃ নাফিয়া ইসলাম, মেডিকেল অফিসার, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭) জনাব আবু সাদাত মোঃ সায়েম, সহকারী অথরাইজড অফিসার, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ।
৮) জনাব মোহাম্মদ ইসমাইল চৌধুরী, নির্বাহী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯) জনাব ইশরাত জাকিয়া, সহকারী সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১০) জনাব মোঃ শাখাওয়াৎ হোসেন রিয়াদ, রেজিস্ট্রেশন সহকারী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।